দৈনিক বাংলা

তারিখ 04 DEC 1991
পৃষ্ঠা ২ কলাম ৫

৬৭

রাজশাহী ক্যাডেট কলেজের

রৌপ্য জয়ন্তী অনুষ্ঠান

# ছাত্রদেরজনগণের প্রত্যাশা পূরণ করতে হবে ঃ প্রধানমন্ত্রী

রাজশাহী, ৩ ডিসেম্বর (বাসস)।– প্রধানমন্ত্রী বেগম জিয়া বলেন, ছাত্রদের শিক্ষা অর্জনের মাধ্যমে নিজেদের তৈরি করতে হবে। তিনি তাদের জ্ঞান–বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে দেশকে এগিয়ে নিয়ে যেতে সহায়তা করার আহবান জানান।

(শেষ পৃঃ ৪–এর কঃ দ্রঃ)

## প্রধানমন্ত্রী

(প্রথম পৃঃ পর)

রাজশাহী ক্যাডেট কলেজের রৌপ্য জয়ন্তী উৎসব পালন উপলক্ষে এক অনুষ্ঠনে তিনি ভাষণ দিচ্ছিলেন।

প্রধানমন্ত্রী বলেন, ছাত্রসমাজের কাছে জাতির বিরাট প্রত্যাশা রয়েছে। তাদের জ্ঞানের বিভিন্ন ক্ষেত্রে বিচরণ করতে হবে। পূরণ করতে হবে জনগণের প্রত্যাশা।

তিনি ছাত্রদের উপযুক্ত নাগরিক হিসাবে গড়ে ওঠার জন্য ক্যাডেট কলেজের সুষ্ঠু পরিবেশের সুযোগ নেয়ার আহবান্জানান।

বেগম জিয়া বলেন, আমরা আন্তর্জাতিক অঙ্গনে আমাদের ছাত্রদের সাফল্য দেখতোেই।

পদ্মার ভাঙন থেকে কলেজটিকে রক্ষার জন্য সব ব্যবস্থা নেয়া হবে বলে প্রধানমন্ত্রীআশ্বাস দেন।

আজকের অনুষ্ঠানে কলেজের গবর্নিং বডির প্রেসিডেন্ট মেজর জেনারেল আজিজুর রহমান ও কলেজের প্রিন্সিপাল লেঃ কর্নেল কায়সার বক্তব্য পেশ করেন।

2